



# BEJOY NARAYAN MAHAVIDYALAYA

(GOVT. SPONSORED)  
NAAC ACCREDITED

P.O. ITACHUNA, DIST. HOOGHLY, PIN - 712147

website : www.bnmv.ac.in ✪ e.mail ID : bnmv2012@yahoo.in

Ref. No. ....

Date. 01.08.2022

## B.A. Honours in Bengali (CBCS)

### PROGRAM OUTCOMES

CBCS: বাংলা ভাষা ও সাহিত্য

- \* সাহিত্য মানুষের কথা বলে। মানবিক বিদ্যার সঙ্গে গভীরভাবে যুক্ত থাকে। অসহায় উপেক্ষিত মানুষের জীবনছবি তুলে ধরে। সহাবস্থানের এমন পাঠ সভ্য হওয়ার আঁতুড়ঘর।
- \* স্নাতক স্তরের সাহিত্যে এমন অসহায়, উপেক্ষিত ও নারীদের সঙ্গে মানবিক অনুভূতি সংযোগ স্থাপনে সহায়তা করে।
- \* সিবিসিএস পাঠক্রমের ছোট প্রশ্নোত্তর পরবর্তী ক্ষেত্রে প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি নিতে সাহায্য করে।
- \* সিবিসিএস এর বিষয়বৈচিত্র স্নাতকোত্তরে পড়াশোনায় সহায়তা করে।
- \*\* সমকালিনতার সঙ্গে বিষয়ের আন্তর্জাতিকতা কাজের বাজারে ছাত্রছাত্রীদের উপযোগী করে তোলে।

### PROGRAMME SPECIFIC OUTCOMES

বাংলায় সাম্মানিক স্নাতক ডিগ্রির পাঠ্যক্রম সম্পূর্ণ করার মাধ্যমে:

- এক) বাংলাভাষী ছাত্রছাত্রীদের মধ্যে বাংলা ভাষার উৎপত্তি, বিবর্তন, বৈচিত্র এবং সমৃদ্ধির স্পষ্ট ধারণা গড়ে ওঠে।
- দুই) বাঙালি সাহিত্যিকদের রচনাকর্মও বাংলা ভাষায় রচিত বিভিন্ন শিল্পরীতির সাহিত্য --- কবিতা, গল্প, উপন্যাস, প্রবন্ধ প্রভৃতির মধ্য দিয়ে নান্দনিক রসসৃষ্টির ক্ষমতা গড়ে ওঠে।
- তিন) ঘনিষ্ঠ সাহিত্য পাঠের মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা প্রতিভাবান সাহিত্যিকদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কে যুক্ত হয়ে সৃজনশীল নান্দনিকতা লাভ করে।
- চার) বাংলা ভাষার বহুমুখী পাঠে ছাত্রছাত্রীরা সাংবাদিক হতে পারে। রেডিও ও টেলিভিশনের সঙ্গে যুক্ত হতে পারে।
- পাঁচ) প্রুফ সংশোধন ও বিজ্ঞাপন রচনা করে আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারে।
- ছয়) বাংলা পাঠক্রম থেকে বাঙালি জাতির উৎপত্তি, সংস্কৃতির ইতিহাস, ভূগোল, মানসিকতা সম্পর্কে সুস্পষ্ট ধারণা করতে পারে। ব্যক্তিত্ব নির্মাণের ভিত্তিও গড়ে তোলে।

Principal  
Bejoy Narayan Mahavidyalaya  
P.O. - Itachuna, Dt.- Hooghly.

Head of the Department  
Bengali  
BEJOY NARAYAN MAHAVIDYALAYA  
P.O. - Itachuna, Dist. - Hooghly.

## COURSE OUTCOMES

### SEMESTER-I

#### CC-1

ক) প্রাচীন যুগের সাহিত্য-ইতিহাসের পাঠাংশ চর্চাপদ ভারতীয় ধর্ম ইতিহাসের শিক্ষা দেয়। বৌদ্ধ ধর্মের অবক্ষয়-সহজিয়া বৌদ্ধদের নিজ ধর্মচর্চার পরিসর নির্মাণের প্রয়াসী হয়ে গৃঢ় তত্ত্বকথাগুলি লিপিবদ্ধকরণ। শুধু তাই নয়, একইসঙ্গে রচনাগুলির সাহিত্যিক সৌন্দর্য উপভোগের অবকাশ।

খ) মধ্যযুগের সাহিত্য-ইতিহাসের শ্রীকৃষ্ণকীর্তন, মঙ্গলকাব্যগুলিতে সমকালীন সমাজচিত্রের বাস্তব পর্যবেক্ষণ। অনুসারী সাহিত্যের মধ্যে ধ্রুপদী ভারতীয় সাহিত্যগুলির আত্মদান ও বাঙালিয়ানার প্রক্ষেপে স্বতন্ত্রতা। ইসলামী বাংলা সাহিত্য ও চৈতন্যজীবনীকাব্যগুলিতে মানুষকথা।

#### CC-2

ক) ছন্দশাস্ত্রের নিবিড় পাঠের মধ্য দিয়ে কাব্যকবিতার বহিরঙ্গ সৌন্দর্যের অনুধাবন।  
খ) অলঙ্কারের আত্মদানে সংস্কৃত ও বাংলা সাহিত্যের উপাদানগত বিশেষত্ব আত্মদান।

### SEMESTER-II

#### CC-3

ক) বৈষ্ণব ও শাক্ত পদাবলি সাহিত্যের একাধিক কবির রচনায় কলাকৈবল্যের পাশাপাশি সমাজজীবনের প্রতিফলন। একইসঙ্গে পরমাত্মা-জীবাত্মার অন্যান্য সম্পর্কের অনুভূতিপ্রবণ চিত্র।

#### CC-4

ক) অনন্যমঙ্গল কাব্যের অনুপুঞ্জ পাঠে যুগরুচির পরিচয়। রামায়ণের লঙ্কাকাণ্ডের ইতিকথায় ধর্ম-অধর্মের সংঘাতে ধর্মের বিজয়নীতি ঘোষণার পাশাপাশি বাঙালি সত্তার সহজ উদ্ভাস।

### SEMESTER-III

#### CC-5

ক) আধুনিক যুগের সাহিত্য-ইতিহাসের গভীর পর্যবেক্ষণের মধ্য দিয়ে সামাজিক-সাংস্কৃতিক-প্রশাসনিক-অর্থনৈতিক-ধর্মীয় অবস্থার প্রেক্ষায় সৃষ্টিশীল রচনার সংযোগ বীক্ষণ।

#### CC-6

ক) সাহিত্যের মাধ্যম ভাষা। ভাষাতত্ত্বের রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যসমূহ অবগত হওয়ার প্রয়োজনেই এই পাঠক্রমে বিশেষ গুরুত্ব আরোপ।

#### CC-7

ক) আধুনিক যুগের সাহিত্য-ইতিহাসের পাঠশেষে সেই সময়ের সৃষ্টিশীল রচনার আত্মদানের প্রায়োগিক প্রেক্ষায় বীরাজনার পাঠ। উনিশ শতকের নারী জাগরণের ইতিবাচক প্রতিফলনে কাব্যগ্রন্থটি ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ দৃষ্টিভঙ্গি তেরিতেও উৎসাহব্যঞ্জক।

*Skal*

Head of the Department  
Bengali  
BEJOY NARAYAN MAHAVIDYALAYA  
P.O.- Itachuna, Dist - Hooghly

## SEMESTER-IV

### CC-8

ক) রবীন্দ্রকবিতা ও আধুনিক কবিতার রসস্বাদনের মধ্য দিয়ে কাব্যসৌন্দর্যের উৎসেচন।

### CC-9

দীনবন্ধুর নীলদর্পণ ও রবীন্দ্রনাথের শারদোৎসব দুই ভিন্নধর্মী নাটকের মধ্য দিয়ে প্রচলিত ধারার নাটক এবং সাংকেতিক তত্ত্বধর্মী নাটকের প্রভেদ সম্পর্কে ধারণা।

### CC-10

বঙ্কিমচন্দ্রের চন্দ্রশেখর ও তারাশঙ্করের গণদেবতা পাঠের মধ্য দিয়ে দুই ভিন্ন সময়ের ঔপন্যাসিকের দৃষ্টিভঙ্গির প্রভেদ মাত্রা।

## SEMESTER-V

### CC-11

ছোটগল্পের আঙিনায় রবীন্দ্রনাথের গল্পগুলির আস্বাদন। একালের গল্পগুলির পাঠাভ্যাসের মধ্য দিয়ে তাদের পার্থক্য এবং বাংলা গল্পের বিচিত্র ধরন-গড়ন-চলন সম্পর্কে অভিজ্ঞতা লাভ।

### CC-12

সাহিত্যের রূপরীতি, বাদানুবাদ, তত্ত্বালোচনা এবং সাহিত্যের বিভিন্ন জাঁর পাঠ্যান্তর্ভুক্ত হওয়ার ফলে এই পত্রটি শিক্ষার্থীদের মন, মনন ও মেধার উৎকর্ষসাধন করতে সহায়তা করে।

## SEMESTER-VI

### CC-13

সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাসের সুনির্দিষ্ট বিষয়গুলি অবগত হয়ে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের তুল্যমূল্য আলোচনায় অগ্রসর হতে পারে।

Principal  
Bejoy Narayan Mahavidyalaya  
P.O.- Itachuna, Dt.- Hooghly.

Sk. 01.08.22  
Head of the Department  
Bengali  
BEJOY NARAYAN MAHAVIDYALAYA  
P.O.- Itachuna, Dist.- Hooghly